[redacted]

[redacted]

[redacted]

[

নিখোঁজের চারদিন পর অটোচালকের অর্ধগলিত মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের বিজন (২৬) নামের এক ইজি বাইক চালকের নিখোজ হওয়ার চারদিন পর অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বিজন মোনাখালী গ্রামের আব্দুর রহমানের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে দশটার দিকে প্রত্যক্ষদর্শীরা পুলিশে খবর দিলে মুজিবনগর থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে। তবে কি কারণে এ হত্যা তা পুলিশ এখনো জানাতে পারেনি।

গত বৃহস্পতিবার বিকালে বিজন তার ইজিবাইকে কয়েক ব্যক্তিকে চুয়াডাঙ্গা চুয়াডাঙ্গা নিয়ে যায়। এরপর থেকেই সে নিখোঁজ ছিল। একদিন পর পরিবারের পক্ষ থেকে মুজিবনগর থানায় অভিযোগ করতে গেলে বলা হয় চুয়াডাঙ্গা থানায় অভিযোগ করার জন্য।ঘটনার পরদিন মুজিবনগর উপজেলার ভবানন্দপুর গ্রামের মাঠ থেকে ইজিবাইকটি উদ্ধার করা হলেও তখন বিজনের কোন সন্ধান মেলেনি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মেহেদি রাসেল বলেন, ‘পরিবারের পক্ষ থেকে অভিযোগ পাওয়ার পর আমাদের তদন্ত প্রক্রিয়া চলমান ছিলো। তদন্ত প্রক্রিয়া চলমান আছে, যথাযথ আইনগত ব্যবস্থা নিয়ে হবে। ‘

মেহেরপুর গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলম বলেন,’ অভিযোগের পর অটোচালক বিজনের ফোন বন্ধ ছিল। তবে আমরা তথ্য প্রযুক্তি ব্যবহার করে তদন্তে অনেকটা অগ্রসর হয়েছি। অপরাধীদের শীঘ্রই আইনের আওতায় আনা হবে।’

মুজিবনগরে ছাত্রীকে ইভটিজিং, অটোচালকের কারাদন্ড

স্কুল ছাত্রীকে ইভটিজিং এর অভিযোগে অটো চালক শফিকুল ইসলাম (২০) কে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। দন্ডিত শফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃতু বকুল হোসেনের ছেলে।

আজ সোমবার (২১ নভেম্বর) বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস চত্তরে এই ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাস বলেন, ১৮৬০ সালের ৫০৯ দন্ডবিধিতে অপরাধ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত শফিকুল ইসলামকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে।

ইউএনও বলেন মুজিবনগর উপজেলার কয়েকজন ছাত্রী বাইসাইকেল চড়ে স্কুলে আসছিল। একজন ছাত্রী বাইসাইকেল থেকে পড়ে গেলে দন্ডিত শফিকুল তাকে নিয়ে হাসাহাসি করেন। এসময় ওই ছাত্রী তার বিদ্রুপের প্রতিবাদ জানালে গলা টিপে ধরে মারধর করার চেষ্টা করে সে। পরে ওই ছাত্রীর স্কুলের প্রধান শিক্ষক ৯৯৯ কল দিলে পুলিশ তাকে আটক করে ভ্রাম্যমান আদালতে দেন। তার পারিবারিক অবস্থা বিবেচনা করে শফিকুলকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে আদালতে প্রেরণের নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগর থানার ভ্রারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, ৯৯৯ কল পেয়ে দন্ডিত শফিকুল ইসলামকে আটক করে ভ্রাম্যমান আদালতে নিলে তাকে ১৫ দিনের কারাদন্ড দেন আদালত। দন্ডিত শফিকুল ইসলামকে সোমবার (২১ নভেম্বর) বিকালের দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।